# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# Dhaka Customs Agents Association
ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

Govt. Reg. No.-2960

**HEAD OFFICE & MAILING ADDRESS**
3/C, New Baily Road,
Ramna, Dhaka.
Phone : 8802 41030680
PABX : 8802-41030710
E-mail : dcaa.2009@gmail.com
dcaa.ho@dcaadhaka.org
www.dcaadhaka.org

**BRANCH OFFICE**

**AIR FREIGHT UNIT OFFICE**
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka-1230
Phone: 41091278

**ASYCUDA WORLD OFFICE**
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka.
Phone: 41091280

**ICD KAMALAPUR OFFICE**
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Phone: 58311105, 48311584

**SAVAR OFFICE**
DEPZ Customs Station,
Ganakbari, Savar, Dhaka.
Phone: 02224498266

**ADAMZEE OFFICE**
Adamzee EPZ Customs Station
Siddirganj, Narayanganj

**PANGAON OFFICE**
Pangaon Custom House
Pangaon, Keraniganj
Dhaka

**MUKTERPUR OFFICE**
LC Station, Munshigonj


সূত্র ঃ ডিসিএএ/টেন্ডার/২৯/৬৩(১৮১৮)/২০২৬/৫৩৩ তারিখ ঃ ০৩/০৫/২০২৬ইং

**পরিচালক (ত্রাণ)**
দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দূর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ কে খন্দকার রোড,
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

বিষয় ঃ **দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক সিএন্ডএফ এজেন্ট ও পরিবহণ নিয়োগের জন্য আহবানকৃত দরপত্রে এসোসিয়েশনের নীতিমালা বাস্তবায়নকরণ এবং দরপত্রে উল্লেখিত কতিপয় শর্ত আংশিক সংশোধনকরণ এবং e-GP Tender প্রক্রিয়া রহিত করে সাধারণ টেন্ডার আহবানের অনুরোধ প্রসংগে।**

সূত্র ঃ দরপত্র নং-৫১.০১.০০০০.০১৫.১১.০০৫.২৫.৫১ তাং ১৫-০৪-২০২৬ইং।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্যে আহবানকৃত দরপত্র সিডিউলে ঢাকা চট্টগ্রাম বন্দর ও মোংলাা বন্দরের জন্য সিএন্ডএফ এজেন্ট ও পরিবহণ ঠিকাদার নিয়োগের বিষয়ে বলা হয়েছে। কিন্তু উক্ত টেন্ডার সিডিউলে অপ্রয়োজনীয় ও প্রতিবন্ধকতামূলক শর্তাবলী আরোপ করা হয়েছে। আহবানকৃত দরপত্রের ডাটা শিট (টিডিএস) এর C. Qualification Criteria শর্ত নং ITT Clasue 12.1 b এর 1 2 এ শুধুমাত্র Relief goods খালাস ও পরিবহণের অভিজ্ঞতা চাওয়া হয়েছে। এতদ্ বিষয়ে মহোদয়ের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সরকারি/আধাসরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের আমদানিকৃত/আমদানিতব্য বা রপ্তানিকৃত/রপ্তানিতব্য কাস্টমস্ শুল্কায়ন, খালাস প্রদানসহ সকল প্রক্রিয়া এক ও অভিন্ন হওয়া সর্ত্তেও এতদ ক্ষেত্রে শুধুমাত্র Relief goods খালাসের কার্যক্রমকে প্রধান্য দেওয়ার বিষয়টি আমাদের বোধগম্য নহে। এ ধরনের শর্ত আরোপের ফলে পণ্য খালাস ও পরিবহণের বাস্তবিক অভিজ্ঞতা ও দক্ষতা থাকা সত্ত্বেও বিপুল সংখ্যক সিএন্ডএফ এজেন্ট অংশগ্রহণ করা হতে বঞ্চিত হবে, মৌলিক অধিকার ও ন্যায় বিচারের পরিপন্থি। অতএব, Relief goods খালাস ও পরিবহণের অভিজ্ঞতার স্থলে আমদানিকৃত সকল সাধারণ পণ্যচালান খালাসের অভিজ্ঞতা উক্ত শর্তে অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করা হইল।

এছাড়া Financial Criteria : 13.1 a তে Average annual turnover ৩ কোটি টাকা, 13.1 b এ ১ কোটি টাকা এবং D. tender Preparation: 29.1 এ সিকিউরিটি মানি ১৩.৫০ লক্ষ টাকা চাওয়া হয়েছে, যা সম্পূর্ণ অযৌক্তিক। অবস্থাদৃষ্টে প্রতিয়মান হয় যে, কোন বিশেষ ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে যোগসাজসে অনৈতিক শর্ত আরোপ করে তাদেরকে একক সুবিধা প্রধানের লক্ষ্যে দরপত্রে এহেন অযৌক্তিক শর্ত আরোপ করা হয়েছে, যা ন্যায় বিচার ও মৌলিক অধিকারের পরিপন্থি।

উল্লেখ্য, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক সিএন্ডএফ এজেন্ট ও পরিবহণ নিয়োগের জন্য e-Tender বিজ্ঞপ্তি (দরপত্র নং-৫১.০১.০০০০.০১৫.১১.০০৫.২৫.৫১ তাং ১৫-০৪-২০২৬ইং) এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়। e-GP Tender অতিসম্প্রতি পিপিআর এ নতুনভাবে সংযুক্ত করা হয়েছে। e-GP Tender এ অংশগ্রহন করার জন্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে National e-GP portal এ রেজিষ্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হয়। সিংহ ভাগ সিএন্ডএফ এজেন্টের National e-GP portal এ রেজিস্টেশন নেই। e-GP Tender অংশগ্রহণে সিএন্ডএফ এজেন্টগণ অভ্যস্ত নয় বিধায় e-GP Tender প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা অর্জনের জন্যে সিএন্ডএফ এজেন্টগনের পর্যাপ্ত সময়ের প্রয়োজন বলে অত্র এসোসিয়েশন মনে করে। এ কারণে টেন্ডারে অশগ্রহণের প্রয়োজনীয় যোগ্যতা ও স্বক্ষমতা থাকা স্বত্ত্বেও শুধুমাত্র e-GP Tender প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা না থাকায় নির্ধারিত সময়সীমার মধ্যে টেন্ডার প্রক্রিয়ার সকল আনুষাঙ্গিক প্রস্তুতি সম্পন্ন করে টেন্ডারে অংশগ্রহণ করা সম্ভব হচ্ছে না।

চলমান পাতা-২



Print. DT. 15-04-2025 Qty. 10,000 Pcs.

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
Dhaka Customs Agents Association
ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942



Govt. Reg. No.-2960

HEAD OFFICE
&
MAILING ADDRESS
3/C, New Baily Road,
Ramna, Dhaka.
Phone : 8802 41030680
PABX : 8802-41030710
E-mail : dcaa.2009@gmail.com
dcaa.ho@dcaadhaka.org
www.dcaadhaka.org

BRANCH OFFICE

AIR FREIGHT UNIT OFFICE
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka-1230
Phone: 41091278

ASYCUDA WORLD OFFICE
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka.
Phone: 41091280

ICD KAMALAPUR OFFICE
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Phone: 58311105, 48311584

SAVAR OFFICE
DEPZ Customs Station,
Ganakbari, Savar, Dhaka.
Phone: 02224498266

ADAMZEE OFFICE
Adamzee EPZ Customs Station
Siddirganj, Narayanganj

PANGAON OFFICE
Pangaon Custom House
Pangaon, Keraniganj
Dhaka

MUKTERPUR OFFICE
LC Station, Munshigonj

এখানে আরো উল্লেখ্য, এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত নীতিমালা সকল সি এন্ড এফ এজেন্টগণের জন্যে অবশ্য পালনীয়। নীতিমালায় নির্ধারিত দর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত এবং এর ভিত্তিতে কাস্টমস্ কর্তৃপক্ষ উৎসে আয়কর ও মূসক কর্তন করে। কিন্তু দরপত্রে ন্যূনতম কমিশনরে কোন কলাম না থাকায় সিএন্ডএফ এজেন্টগনের পক্ষে ন্যূনতম সিএন্ডএফ এজেন্ট দর উল্লেখ করা সম্ভব হবে না। সিএন্ডএফ কমিশনের ভ্যাট আমদানীকারক তথা দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রদানের বিষয়ে দরপত্রে কোন উল্লেখ নেই। এতে এসোসিয়েশনের টেন্ডার নীতিমালা অনুযায়ী ই টেন্ডারে সদস্য সিএন্ডএফ এজেন্টগনের পক্ষে দরপত্র দাখিল করা সম্ভব হচ্ছে না। প্রেক্ষিতে, e-Tender এ অংশগ্রহণে সি এন্ড এফ এজেন্টদের পর্যাপ্ত প্রস্তুতির সুযোগ প্রদান, e-Tender প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা বা জ্ঞান অর্জনের জন্য পর্যাপ্ত সময়ের প্রয়োজন রয়েছে বলে অত্র এসোসিয়েশন মনে করে।

এমতাবস্থায় দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর দরপত্রে সচ্ছতা ও যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠান কর্তৃক অধিক প্রতিযোগীতামূলক অংশগ্রহণ নিশ্চিত করার স্বার্থে বর্ণিত দরপত্রের শর্ত C. Qualification Criteria শর্ত নং ITT Clasue 12.1 b এর 1 ও 2, Financial Criteria : 13.1 a তে Average annual turnover ১ কোটি টাকা, 13.1 b এ ৫০ লক্ষ টাকা এবং D. tender Preparation: 29.1 এ সিকিউরিটি মানি ১৩.৫০ লক্ষ টাকাা স্থলে পূর্বের ন্যায় ৫ লক্ষ টাকা নির্ধারণপূর্বক e-GP Tender এর দ্রুততম সময়ের মধ্যে সাধারণ ভাবে টেন্ডার আহবান করে সিএন্ডএফ এজেন্টগণ যাতে দরপত্রে অংশগ্রহণ করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

ধন্যবাদান্তে,

(মোঃ ফারুক আলম)
সাধারণ সম্পাদক
ফোন ঃ ০১৭১১-৫২০২৭৯

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ</u>**

| | |
|---|---|
| **টেন্ডারে অংশগ্রহণকারী সকল সিএন্ডএফ এজেন্টবৃন্দ** | **দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক সিএন্ডএফ এজেন্ট ও পরিবহণ নিয়োগের জন্য আহবানকৃত দরপত্রে এসোসিয়েশনের নীতিমালা বাস্তবায়নকরণ এবং দরপত্রে বর্ণিত শর্ত সমূহ সংশোধনকরণ এবং e-GP Tender প্রক্রিয়া রহিত করে সাধারণ টেন্ডার আহবান না করা পর্যন্ত** দরপত্র দাখিল করা হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হল। |



Print. DT. 15-04-2025 Qty. 10,000 Pcs.